

FARUQUE HASSAN
PRESIDENT

বিজিএ/কাস/২০২২/ ৪৬২০

২৮ জুন, ২০২২

ব্যবস্থাপনা পরিচালক

বিষয়ঃ বিএম কন্টেইনার ডিপোতে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত বিজিএমইএ'র সদস্য প্রতিষ্ঠানদের'কে সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

প্রিয় সহকর্মী।

আসসালামু আলাইকুম।

গত ০৪/০৬/২০২২ইং তারিখে চট্টগ্রামের সীতাকুন্ডস্থ বিএম কন্টেইনার ডিপো'তে অগ্নিকাণ্ডে পোশাক রপ্তানিবাহী বিপুল সংখ্যক পণ্য চালান ক্ষতিগ্রস্ত হয়। ক্ষতিগ্রস্ত রপ্তানি পণ্য সম্পর্কে বিস্তারিত তথ্য কাস্টমস বন্ড কমিশনারেট, সংশ্লিষ্ট ব্যাংক ও বীমা কোম্পানীসহ বিজিএমইএ'কে অবহিত করার জন্য আপনাকে অনুরোধ করা হয়। যার প্রেক্ষিতে অদ্যবধি ঢাকা ও চট্টগ্রাম কার্যালয়ে তথ্য পাওয়া যাচ্ছে।

বিএম কন্টেইনার ডিপোতে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত কোন রপ্তানি চালানের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের Online Export Monitoring System (OEMS) এ রিপোর্টিং সংক্রান্ত জটিলতা নিরসনকল্পে বাংলাদেশ ব্যাংকের শরণাপন্ন হলে তারা উদ্ভূত সমস্যা সমাধানের জন্য মৌখিক নিম্নরূপ পরামর্শ প্রদান করেনঃ

- বিএম কন্টেইনার ডিপোতে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত রপ্তানি চালানের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের Online Export Monitoring System (OEMS) এ রিপোর্টিং সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে তা প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট এডি ব্যাংকের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্টকে পরবর্তী সিদ্ধান্তের জন্য প্রেরণ করতে হবে।
- আমদানির ক্ষেত্রে আইএমপি মেয়াদোত্তীর্ণের ৭ কর্মদিবস পূর্বে এবং রপ্তানির ক্ষেত্রে ইএক্সপি মেয়াদোত্তীর্ণের পরে মেয়াদ বৃদ্ধির আবেদন বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করতে হবে।

এছাড়া বিএম কন্টেইনার ডিপোতে অবস্থিত রপ্তানিযোগ্য পণ্যগুলো কাস্টমস কর্তৃপক্ষের তত্ত্বাবধানে দ্রুত রপ্তানি করার অনুমোদন দেয়া এবং ক্রেতার নির্ধারিত সার্ভেয়ার প্রতিষ্ঠানসমূহকে সার্ভে করার অনুমতি চেয়ে ইতিমধ্যে চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ডকে পত্র মারফত অনুরোধ করা হয়েছে। আশা করি বিষয়টি দ্রুত সমাধান হবে।

সার্বিক বিষয়ে কোন সহযোগিতার প্রয়োজন হলে নিম্নোক্ত ব্যক্তিবর্গের সাথে যোগাযোগ করার জন্য আপনাদের'কে অনুরোধ করা যাচ্ছে।

বিজিএমইএ আঞ্চলিক কার্যালয়ের জন্যঃ

১। সৈয়দ গজরুল ইসলাম, প্রথম সহ-সভাপতি, বিজিএমইএ, মোবাইল নং-০১৭১৩১২১১৪১।

২। জনাব রাকিবুল আলম চৌধুরী, সহ-সভাপতি, বিজিএমইএ, মোবাইল নং-০১৭১১৭৫০৫১২।

৩। জনাব মোহাম্মদ আব্দুল আজিজ চৌধুরী, অতিরিক্ত সচিব, বিজিএমইএ আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম।

মোবাইল নং-০১৭১-১১৬৪৫৯৮, ই-মেইলঃ info@bgmeactg.org

বিজিএমইএ ঢাকা কার্যালয়ের জন্যঃ

১। জনাব মোঃ নাসির উদ্দিন, সহ-সভাপতি, বিজিএমইএ, মোবাইল নং-০১৭১৩২৪৫৫৮৮।

২। মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ), অতিরিক্ত সচিব (এডমিন), বিজিএমইএ প্রধান কার্যালয়, ঢাকা, মোবাইল নং-০১৭১১৪২৩৯৯৫, ই-মেইলঃ info@bgmea.com.bd

৩। জনাব হাবিবুল ইসলাম, অতিরিক্ত সচিব, বিজিএমইএ, প্রধান কার্যালয়, ঢাকা, মোবাইল নং-০১৮১৯-২৪৯০৪৯।

বশ্যবাস্তে,

ফারুক হাসান

সভাপতি